

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা  
পরীক্ষা নিয়ন্ত্রক অফিস

বিজ্ঞপ্তি

নং পরীক্ষা/সিই-৪৫৪

তারিখ : ৩১/১২/২০১৬

সংশ্লিষ্ট সকল ছাত্র/ছাত্রীর অবগতির জন্য জানানো যাইতেছে যে, পরীক্ষার হলে প্রত্যেক ছাত্র/ছাত্রীর সংগে হালনাগাদকৃত (সঠিক লেভেল/টার্মের তথ্যসহ) পরিচয়পত্র (Identity Card) অবশ্যই রাখিতে হইবে। পরিচয়পত্র নাই অথবা হারাইয়া গিয়াছে অথবা হালনাগাদ করা হয় নাই এমন ক্ষেত্রে ছাত্র/ছাত্রীদেরকে অনতিবিলম্বে সংশ্লিষ্ট হল অফিস অথবা ছাত্রকল্যাণ পরিচালকের অফিস হইতে পরিচয়পত্র হালনাগাদ করতঃ অথবা পরিচয়পত্র সংগ্রহ করতঃ পরীক্ষার হলে আনার জন্য নির্দেশ প্রদান করা হইল।

Course Card এর ফটোকপিও পরীক্ষার হলে সংগে রাখার জন্য এতদ্বারা নির্দেশ প্রদান করা হইল।

পরীক্ষার হলে পরীক্ষার নির্দিষ্ট বিষয় সংশ্লিষ্ট কোন লেখা কাগজ রাখা কিংবা ডেস্ক, বেঞ্চ, টেবিল এর উপরে এবং পরিধেয় বস্ত্রের মধ্যে কোন লেখা থাকা অপরাধ। কারও নিকট এরূপ কোন লেখা বা কাগজ থাকলে ঐগুলো পরীক্ষা আরম্ভ হওয়ার পূর্বেই তদারককারী শিক্ষকের নিকট জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হইল। ডেস্কের উপরে কোন লেখা থাকলে তা পরীক্ষা আরম্ভ হওয়ার পূর্বেই তদারককারী শিক্ষককে জানানোর জন্য নির্দেশ দেয়া হইল, অন্যথায় ডেস্কের উপরে পরীক্ষার প্রশ্নপত্র সম্পর্কিত লেখা পাওয়া গেলে সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রী দায়ী থাকিবে।

পরীক্ষার হলে মোবাইল ফোন, ওয়াচ ফোন/স্মার্ট ওয়াচ, Programmable Calculator, Digital Diary বা অন্য কোন Electronic Media সংগে রাখা শাস্তিযোগ্য অপরাধ। পরীক্ষার হলে এই ধরনের কোন কিছু সংগে না রাখার জন্য নির্দেশ প্রদান করা হইল। যদি কেহ মোবাইল ফোন নিয়া আসে তবে ফোনটি switch off করিয়া ব্যাগে রাখিবে অথবা নিজ দায়িত্বে শিক্ষকের সামনের টেবিলে রাখিবে।

ইহা ছাড়া পরীক্ষার হলে কলম, পেন্সিল ও অনুমোদিত Calculator ব্যতিত ব্যক্তিগত Stapler Machine, স্কেল বা Set-square ব্যবহার করা যাইবে না।

অঙ্কনের জন্য পেন্সিল ও কম্পাস ইত্যাদি প্রয়োজনীয় জিনিস নিজের কাছে রাখিয়া বাকী ইন্সট্রুমেন্ট বক্স, জ্যামিতি বক্স ইত্যাদি পরীক্ষা কক্ষের তদারককারীদের কাছে জমা দিতে হইবে।

(ডঃ মোঃ আবুল কাশেম মিয়া)

পরীক্ষা নিয়ন্ত্রক

ও

অধ্যাপক, সিএসই বিভাগ

নং পরীক্ষা/সিই-৪৫৪(৬০)

তারিখ : ৩১/১২/২০১৬

অনুলিপি :

- ১। সকল ডীন, প্রঃ বিঃ, ঢাকা
- ২। সকল বিভাগীয় প্রধান, প্রঃ বিঃ, ঢাকা
- ৩। সকল পরিচালক, প্রঃ বিঃ, ঢাকা
- ৪। রেজিস্ট্রার, প্রঃ বিঃ, ঢাকা
- ৫। কম্পিউটার, প্রঃ বিঃ, ঢাকা
- ৬। লাইব্রেরিয়ান, প্রঃ বিঃ, ঢাকা